# সুনান আদ-দারাকুতনী

হাদিস নাম্বারঃ ১২৬৬

৩. নামায (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ৩৯. রুকু-সিজদার সময় নামাযী যা বলবে তার বিবরণ

بَابُ صِفَةُ مَا يَقُولُ الْمُصَلِّي عِنْدَ رُكُوعِهِ وَسُجُودِهِ

আরবী

حَدَّثَنَا أَبُو بَكْرٍ النَّيْسَابُورِيُّ ، ثَنَا يُوسُفُ بْنُ سَعِيدِ بْنِ مُسْلِمٍ ، ثَنَا حَجَّاجٌ ، عَنِ ابْنِ جُرَيْجٍ ، أَخْبَرَنِي مُوسَى بْنُ عُقْبَةَ ، عَنْ عَبْدِ اللَّهِ بْنِ الْفَضْلِ ، عَنْ عَبْدِ الرَّحْمَنِ الْأَعْرَجِ ، عَنْ عُبَيْدِ اللَّهِ بْنِ أَبِي رَافِعٍ ، عَنْ عَلِيِّ بْنِ أَبِي طَالِبٍ ، قَالَ : كَانَ رَسُولُ اللَّهِ ـ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ ـ إِذَا سَجَدَ فِي الصَّلَاةِ الْمَكْتُوبَةِ ، قَالَ : " اللَّهُمَّ لَكَ سَجَدْتُ ، وَبِكَ آمَنْتُ ، وَلَكَ أَسْلَمْتُ ، أَنْتَ رَبِّي ، سَجَدَ وَجْهِي لِلَّذِي خَلَقَهُ وَصَوَّرَهُ ، وَشَقَّ سَمْعَهُ وَبَصَرَهُ ، تَبَارَكَ اللَّهُ أَحْسَنُ الْخَالِقِينَ " . وَكَانَ إِذَا رَكَعَ ، قَالَ : " اللَّهُمَّ لَكَ رَكَعْتُ ، وَبِكَ آمَنْتُ ، وَلَكَ أَسْلَمْتُ ، أَنْتَ رَبِّي ، خَشَعَ لَكَ سَمْعِي وَبَصَرِي وَمُخِّي وَعَظْمِي ، وَمَا اسْتَقَلَّتْ بِهِ قَدَمِي ، لِلَّهِ رَبِّ الْعَالَمِينَ " . وَكَانَ إِذَا رَفَعَ رَأْسَهُ مِنَ الرُّكُوعِ فِي الصَّلَاةِ الْمَكْتُوبَةِ ، قَالَ : " اللَّهُمَّ رَبَّنَا لَكَ الْحَمْدُ ، مِلْءَ السَّمَوَاتِ ، وَمِلْءَ الْأَرْضِ ، وَمِلْءَ مَا شِئْتَ مِنْ شَيْءٍ بَعْدُ " . هَذَا إِسْنَادٌ حَسَنٌ صَحِيحٌ

বাংলা

১২৬৬(৩)। আবু বাকর আন-নায়সাপুরী (রহঃ) ... আলী ইবনে আবু তালিব (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ফরয নামাযের সিজদায় বলতেনঃ "আল্লাহুম্মা লাকা সাজাততু ওয়া বিকা আমানতু ওয়া লাকা আসলামতু। আনতা রব্বী, সাজাদা ওয়াজহিয়া লিল্লাযী খলাকাহু ওয়া সাওয়ারাহু ওয়া শাক্কা সামআহু ওয়া বাসারাহু। তাবারাকাল্লাহু আহসানুল খালিকীন" (হে আল্লাহ! আমি তোমাকে সিজদা করলাম, তোমার উপর ঈমান আনলাম, তোমার নিকট আত্মসমর্পণ করলাম, তুমি আমার প্রভু। আমার মুখমণ্ডল সেই মহান সত্তাকে সিজদা করছে যিনি তাকে সৃষ্টি করেছেন, উত্তম আকৃতি দান করেছেন এবং তাতে শ্রবণশক্তি ও দৃষ্টিশক্তি দান করেছেন। আল্লাহ বরকতময়, সর্বোত্তম স্রষ্টা)।

তিনি তাঁর রুকূতে বলতেনঃ "আল্লাহুম্মা লাকা রাকা’তু ওয়া বিকা আমানতু ওয়া লাকা আসলামতু আনতা রব্বী

খাশাআ লাকা সামঈ ওয়া বাসারী ও মুখখী ওয়া ইযামী ওয়ামা ইসতাকাল্লাত বিহী কাদামী লিল্লাহি রব্বিল আলামীন" (হে আল্লাহ! আমি তোমার জন্য রুকূ করছি, তোমার উপর ঈমান এনেছি এবং তোমার কাছে আত্মসমর্পণ করছি, তুমি আমার প্রভু। আমার কান, আমার চোখ, আমার মজ্জা ও আমার হাড়গোড় ভীত-সন্ত্রস্ত হয়ে আছে। আর এই তোমার সামনে আমার পা বিশ্বজাহানের প্রতিপালক আল্লাহর জন্য অটল-অবিচল)।

তিনি ফরয নামাযের রুকূ থেকে মাথা তুলে বলতেনঃ আল্লাহুম্মা রব্বানা লাকাল হামদু মিলয়াস সামাওয়াতি ওয়া মিলয়াল-আরদি ওয়া মিলয়া মা শি’তা মিন শায়ইন বা’দু’ (হে আল্লাহ, আমাদের প্রভু! তোমার জন্যই সমস্ত প্রশংসা, আকাশসমূহ সমপরিমাণ, পৃথিবীর সমপরিমাণ এবং এরপর তুমি যা চাও সেই পরিমাণ)। এই সনদসূত্র হাসান সহীহ।

হাদিসের মান: তাহকীক অপেক্ষমাণ পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন  বর্ণনাকারীঃ আলী ইবনু আবী তালিব (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=81055

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন